শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

# পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)
৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd

স্মারক নং- পসব্য/প্রকা/প্রশা-১(৫)/২০১৭-১৮/১৯০৫ — তারিখঃ ০৩.০৪.২০১৮খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

পল্লী সঞ্চয় ব্যাংকে নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online এ দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| ক্রঃনং | পদের নাম ও বেতনস্কেল | পদের সংখ্যা | বয়স (সর্বোচ্চ) | অভিজ্ঞতা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১ | সিস্টেম এনালিষ্ট<br>স্কেল ঃ৪৩০০০-৬৯৮৫০/- | ১ | ৪০ | কোন স্বীকৃত প্রতিষ্ঠানে সহকারী সিস্টেম এনালিস্ট বা প্রোগ্রামার হিসেবে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে কম্পিউটার সায়েন্স বা এ্যাপলাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্স বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশনস ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী। যে কোন দুইটি পরীক্ষায় প্রথম বিভাগ বা শ্রেণী অথবা প্রথম বিভাগ বা শ্রেণির সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে এবং শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা তৃতীয় বিভাগ বা শ্রেণির সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনতম সিজিপিএ ৩.০০ এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে। |
| ০২ | ডাটাবেজ এডমিনিস্ট্রেটর<br>স্কেল ঃ৪৩০০০-৬৯৮৫০/- | ২ | ৪০ | কোন স্বীকৃত প্রতিষ্ঠানে সহকারী ডাটাবেজ এডমিনিস্ট্রেটর বা সমমান ও প্রকৃতির কোন পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | |
| ০৩ | সহকারী সিস্টেম এনালিষ্ট<br>স্কেল ঃ৩৫৫০০-৬৭০১০/- | ১ | ৩৫ | কোন স্বীকৃত প্রতিষ্ঠানে সহকারী সিস্টেম এনালিষ্ট বা সহকারী প্রোগ্রামার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | |
| ০৪ | সহকারী ডাটাবেজ এডমিনিস্ট্রেটর<br>স্কেল ঃ ৩৫৫০০-৬৭০১০/- | ২ | ৩৫ | কোন স্বীকৃত প্রতিষ্ঠানে সহকারী ডাটাবেজ এডমিনিস্ট্রেটর বা সমমান ও প্রকৃতির কোন পদে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | |
| ০৫ | সিস্টেম ইঞ্জিনিয়ার (হার্ড ও নেট)<br>স্কেল ঃ৩৫৫০০-৬৭০১০/- | ১ | ৩৫ | কোন স্বীকৃত প্রতিষ্ঠানে সিস্টেম ইঞ্জিনিয়ার (হার্ড ও নেট) বা সমমান ও প্রকৃতির কোন পদে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | |
| ০৬ | প্রোগ্রামার<br>স্কেল ঃ৩৫৫০০-৬৭০১০/- | ১ | ৩৫ | কোন স্বীকৃত প্রতিষ্ঠানে সহকারী প্রোগ্রামার বা সমমান ও প্রকৃতির কোন পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | |
| ০৭ | সহকারী সিস্টেম ইঞ্জিনিয়ার (হার্ড ও নেট)<br>স্কেল ঃ২২০০০-৫৩০৬০/- | ১ | ৩০(মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর) | কোন স্বীকৃত প্রতিষ্ঠানে সহকারী সিস্টেম ইঞ্জিনিয়ার (হার্ডওয়ার ও সফটওয়ার) বা সমমান ও প্রকৃতির কোন পদে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | |
| ০৮ | সহকারী প্রোগ্রামার<br>স্কেল ঃ ২২০০০-৫৩০৬০/- | ২ | | কোন স্বীকৃত প্রতিষ্ঠানে সহকারী প্রোগ্রামার বা সমমান ও প্রকৃতির কোন পদে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | |
| ০৯ | কনসালটেন্ট<br>(বন ও ইকোসিস্টেম)<br>সাময়িকভাবে ঃ ১ বছরের জন্য।<br>বেতন ঃ আলোচনা সাপেক্ষে। | ১ | ৬৫ | বন ও ইকোসিস্টেম সংরক্ষণে স্থানীয় বননির্ভর জনগোষ্ঠীকে সম্পৃক্তকরণ, বিকল্প কর্মসংস্থানের মাধ্যমে আর্থ সামাজিক উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন, বন ও বন্যপ্রাণী সংরক্ষণ বিষয়ে পরামর্শক হিসেবে কমপক্ষে ২০ বছরের মাঠ পর্যায়ের অভিজ্ঞতা থাকতে হবে। | পরিবেশ/বন বিজ্ঞানে মাষ্টার্স ডিগ্রীধারী। |

চলমান পাতা-২

০৩/০৪/১৮
মোঃ ইসমাইল মিয়া
সহকারী মহাব্যবস্থাপক

শর্তাবলী ঃ

০১. বয়স ঃ ৩১.০৩.২০১৮ তারিখের ভিত্তিতে গণনা করা হবে।

০২. আগ্রহী প্রার্থীকে ২২.০৪.২০১৮ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে শুধুমাত্র পল্লী সঞ্চয় ব্যাংকের www.pallisanchaybank.gov.bd ওয়েবসাইটের অনলাইন সেবা প্যানেল হতে ই-নিয়োগ বিজ্ঞপ্তিতে ক্লিক করে প্রাপ্ত আবেদন ছক যথাযথভাবে পূরণ এবং submit এর মাধ্যমে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। submit করার পর প্রার্থী একটি ID নম্বর পাবেন, এর পর Ctr+P চেপে আবেদনের একটি প্রিন্ট কপি সংরক্ষণ করবেন। ID নম্বরটি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং নির্বাচিত প্রার্থীরা ID নম্বর এর মাধ্যমে লিখিত পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন।

০৩. `O' Level ও `A' Level পাশ হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate) এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) তথ্য প্রদান করতে হবে।

০৪. Online Application Form এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের বছর অবশ্যই উল্লেখ করতে হবে।

০৫. ক্রমিক নং ১ হতে ৮ এর প্রার্থীদেরকে আবেদন ফি হিসেবে টাকা ৫০০/- (পাঁচশত) মাত্র সেনালী ব্যাংক লিমিটেড এর যে কোন শাখা হতে পল্লী সঞ্চয় ব্যাংকের নামে সোনালী ব্যাংক লিমিটেড, মগবাজার শাখা, ঢাকায় চলতি হিসাব নং ০১১৯৮০২০০১১০২ এ অনলাইনের মধ্যেমে জমা দিতে হবে এবং জমা সংক্রান্ত তথ্যাদি আবেদনের যথাযথ স্থানে উল্লেখ করতে হবে। আবেদন ফি জমাদান সংক্রান্ত রশিদটি আবেদনের সাথে স্ক্যান কপি সংযুক্ত করতে হবে।

০৬. প্রার্থীদের প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষা গ্রহণের পর মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত আবেদনের প্রিন্ট কপি সহ সত্যায়িত একসেট সনদপত্রাদি দাখিল করতে হবে। স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে স্থানীয় প্রযোজ্য কর্তৃপক্ষের (ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন) সনদপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কণ্যা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র/কন্যা,শারীরিক প্রতিবন্ধী, এতিমখানা নিবাসী, উপজাতি, আনসার-ভিডিপি ইত্যাদি কোটায় আবেদনকৃত প্রার্থীদের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে সনদ পত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কণ্যার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের বিষয়ে সরকারী নির্দেশনা অনুযায়ী প্রমাণপত্র দাখিল করতে হবে।

০৭. চাকুরীরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ৬ নং ক্রমিকে উল্লিখিত শর্ত মোতাবেক দলিলাদি দাখিলের সময় তা তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।

০৮. অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।

০৯. প্রার্থীদের লিখিত, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১০. নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১১. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করতে হবে।

১২. প্রার্থীদের নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

৩.৪.১৮

ব্যবস্থাপনা পরিচালক
পল্লী সঞ্চয় ব্যাংক

০৩/০৪/১৮
মোঃ ইসমাইল মিয়া
সহকারী মহাব্যবস্থাপক